

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৯৮.২০১৩- ৫৪

তারিখঃ ০৯ জু. ২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি ডাঃ রিচার্ড সরেন (১২০৫৮৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ (বর্তমানে ইমারজেন্সী মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, বগুড়া)এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭.০৩.২০১৩ তারিখে ৪৫.১৫১.০২৭.০০.০০.০৯৮.২০১৩-১৪৩ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে অমানিত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্ত করার জন্য আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানা নোটিশ প্রদান করে কিন্তু আপনি তদন্ত কার্যে হাজির হননি এবং কোন যুক্তি সংগত জবাব প্রদান করেননি;

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি ‘‘চাকুরি হতে বরখাস্ত’’ (Dismissal from service) করা হবে না, এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদ সাথে প্রেরণ করা হল।


(সৈয়দ মুনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ রিচার্ড সরেন (১২০৫৮৫)

মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
(বর্তমানে ইমারজেন্সী মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, বগুড়া)।


স্থায়ী ঠিকানাঃ বাসা নং-৩১৪, ওয়ার্ড নং-০২, মহল্লা-পূর্ব টালিপাড়া
মোল্লাপাড়া, পোঃ রাজশাহী কোট, থানাঃ রাজপাড়া, জেলাঃ রাজশাহী।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৯৮.২০১৩- ৫৪/১ ৫

তারিখঃ ০৯ জু. ২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারি করে প্রয়োজনে উক্ত কর্মকর্তার সর্বশেষ কর্মস্থল/বাসস্থানে লটকায় জারি করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ/তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, বগুড়া।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৫৮.২০১৩-৫৬

তারিখঃ ০১.০৬.২০১৫ খ্রিঃ

বিষয়: ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি ডাঃ দেবব্রত ঘোষ, সহকারী সার্জন, মহারাজপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুকসুদপুর, গোপালগঞ্জ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৯.০১.২০১৩ তারিখে ৪৫.১৫১.০২৭.০০.০০.০৫৮.২০১৩-৬১ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্ত করার জন্য আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানাধীন নোটিশ প্রদান করে কিন্তু আপনি তদন্ত কার্যে হাজির হননি এবং কোন যুক্তি সংগত জবাব প্রদান করেননি;

এক্ষেণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদ সাথে প্রেরণ করা হল।


(সৈয়দ মুনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ দেবব্রত ঘোষ

সহকারী সার্জন, মহারাজপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুকসুদপুর, গোপালগঞ্জ।

স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ সন্তোসপাড়া, পোঃ সিরাজদি খান


উপজেলাঃ সিরাজদি খান, জেলাঃ মুন্সীগঞ্জ

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৫৮.২০১৩-৫৬/১ (৫)

তারিখঃ ০১.০৬.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। সিভিল সার্জন, গোপালগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারি করে প্রয়োজনে উক্ত কর্মকর্তার সর্বশেষ কর্মস্থল/বাসস্থানে লটকায়ে জারি করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুকসুদপুর, গোপালগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

আদেশ

যেহেতু, ডাঃ নওরীন কাশেম, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও গত ০১.০৯.২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়:

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি:

যেহেতু, The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(c) অনুযায়ী ডাঃ নওরীন কাশেম গত ০৪.০৭.২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এবং কর্ম কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ নওরীন কাশেম, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৩০.০৯.২০১০ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


সচিব
(সৈয়দ মন্জুরুল ইসলাম)

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৭৯.২০১৩- ৬০/১ (৬)

তারিখঃ- ২১.০২.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার অনুরোধসহ)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিভিল সার্জন, ঠাকুরগাঁও।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
- ৮। ডাঃ নওরীন কাশেম, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও।


সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৩৭.২০১৪- ৩০


তারিখঃ ০২ .০৩.২০১৫ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শেখ আহসান উল্লাহ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, পিরোজপুর (বর্তমানে প্রেষণে সেন্ট্রাল ড্রাগটেস্টিং ল্যাবরেটরী, আগ্রাবাদ, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫.০২.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তিনি চাকুরিতে নবীন এবং শুনানীকালে তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু জনাব মোঃ শেখ আহসান উল্লাহ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, পিরোজপুর (বর্তমানে প্রেষণে সেন্ট্রাল ড্রাগটেস্টিং ল্যাবরেটরী, আগ্রাবাদ, চট্টগ্রাম) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও ব্যক্তিগত শুনানীকালে উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।


(সেয়দ মন্জুরুল ইসলাম)
সচিব


জনাব মোঃ শেখ আহসান উল্লাহ
ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, পিরোজপুর
(বর্তমানে প্রেষণে সেন্ট্রাল ড্রাগটেস্টিং ল্যাবরেটরী, আগ্রাবাদ, চট্টগ্রাম)।
স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ কলাবাড়ীয়া, পোঃ জাগতী, থানাঃ মিরপুর, জেলাঃ পিরোজপুর।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০৩৭.২০১৪- ৩০/২(৫)

তারিখঃ ০২ .০৩.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ২। উপ-সচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৪। ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, পিরোজপুর
- ৫। পরিচালক, সেন্ট্রাল ড্রাগটেস্টিং ল্যাবরেটরী, আগ্রাবাদ, চট্টগ্রাম।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০৬০.২০১৩-৬৯

তারিখঃ ২২.০২.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মুহাম্মদ রাজিব হোসাইন (১২৫৬০৮২), সহকারী সার্জন, বামনা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বামনা, বরগুনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মুহাম্মদ রাজিব হোসাইন (১২৫৬০৮২), সহকারী সার্জন, বামনা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বামনা, বরগুনা ২৯.১১.২০১১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ মুহাম্মদ রাজিব হোসাইন
(১২৫৬০৮২)সহকারী সার্জন, বামনা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র
বামনা, বরগুনা।

স্থায়ী ঠিকানাঃ


গ্রামঃ মধ্যপাড়া, ডাকঘরঃ মধ্যপাড়া, থানাঃ সিরাজদিখান, জেলাঃ মুন্সীগঞ্জ।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০৬০.২০১৩-৬৯/১ (৬)

তারিখঃ ২২.০২.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, বরগুনা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বামনা, বরগুনা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।


(মোঃ আনোয়ার হোসেন)


সহকারী সচিব

ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc2@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মুহাম্মদ রাজিব হোসাইন (১২৫৬০৮২), সহকারী সার্জন, বামনা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বামনা, বরগুনা ২৯.১১.২০১১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। তাঁর উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(সৈয়দ মন্জুরুল ইসলাম)
সচিব